

একটি আবেদন

মল্লিকা মজুমদার, নিম্ন বিত্ত পরিবারের মাত্র ১৪ বছর বয়সের দশম শ্রেণীর একজন ছাত্রী। পরিবারটি বসবাস করে শিলিগুড়ির ৩৪নং ওয়ার্ডের এক বস্তি এলাকায়। দুরারোগ্য রোগে মল্লিকার ব্রেন ডেথ হয়। মল্লিকার মৃত্যুর পূর্ব মুহূর্তে তার অঙ্গ-প্রত্যঙ্গ দান করতে ইচ্ছে প্রকাশ করে এই পরিবারটি। সেই মত তার অঙ্গ-প্রত্যঙ্গ দান করে যে উন্নত নাগরিক সচেতনতার নজির সৃষ্টি করেছে মল্লিকার পরিবার, তা যে কোন মানুষকে অনুপ্রেরণা ও সামাজিক সচেতন করতে আগ্রহী করবে বলে আমাদের বিশ্বাস।

মল্লিকাকে আমরা বাঁচাতে পারিনি, কিন্তু মল্লিকা অঙ্গ-প্রত্যঙ্গ দান করে অনেকের জীবন দান করে গেল। এ ক্ষেত্রে তার পরিবারের ভূমিকা আমরা কৃতজ্ঞ চিন্তে স্মরণ করি। আর বাঁচিয়ে রাখব মল্লিকাকে আমাদের মধ্যে।

শিলিগুড়ি পৌর কর্পোরেশন মল্লিকাকে মরণোত্তর নাগরিক সম্মান প্রদান করে তার পরিবার-পরিজনের প্রতি জানাতে চায় কৃতজ্ঞতা।

আগামী ২৪শে আগষ্ট বিকেল ৪টায় ৩৪নং ওয়ার্ডে মল্লিকাদের বাড়িতে গিয়ে এই মরণোত্তর নাগরিক সম্মান তুলে দেওয়া হবে তার পিতা-মাতার হাতে। এই অনাড়ম্বর অনুষ্ঠানে কৃতজ্ঞ চিন্তে সকলের উপস্থিতি কামনা করি।


অশোক ভট্টাচার্য

বিধায়ক ও মেয়র, শিলিগুড়ি